



উৎস: রিচার্ড ওয়েলফোর্ড - সিএসআর এশিয়া, ১৫ জুন ২০১১

## ধাপ-৫: উল্লেখযোগ্য সামাজিক দায়িত্বশীলতা ইস্যুসমূহের জন্য একটি বাস্তবায়ন পরিকল্পনা করা

পরবর্তী পদক্ষেপ হচ্ছে যে, স্টেকহোল্ডারদের সংলাপের ভিত্তিতে যে সকল গুরুত্বপূর্ণ ইস্যু চিহ্নিত হয়েছে, সেসব ইস্যুসমূহের জন্য কার্য সম্পাদনের একটি পরিকল্পনা করা। এই প্রক্রিয়ায় চিহ্নিত ইস্যুগুলো নিয়ে সাহায্য ও কাজ করার জন্য একজন বিশেষজ্ঞ-কে নিয়োগ করা যেতে পারে। এই পরিকল্পনা প্রক্রিয়ার স্টেকহোল্ডারদের সংযুক্ত করাটাও একটা ভালো উপায় হতে পারে। যখন এধরনের পরিকল্পনা প্রণয়ন ও কার্যকর করা হচ্ছে, তখন প্রতিষ্ঠানকে কয়েকটি বিষয় বিবেচনা করতে হবে -

- যখন বাছাইকৃত ইস্যু নিয়ে কাজ করা হচ্ছে, তখন ঐ ইস্যুগুলোর যে যথাযোগ্যচর্চা প্রচলিত আছে তা জানা ও বোঝা জরুরি।
- প্রতিষ্ঠানের নিজস্ব চর্চার সাথে প্রস্তাবিত ইস্যুগুলো খাপ খায় কি না, সেটা জানতে পারলে আরো ভালো হয়।
- স্টেকহোল্ডারদের সাথে ভালো যোগাযোগ, তাদেরকে প্রতিক্রিয়া সম্পর্কে জানানো ও তাদেরকে আরো বেশি করে অংশগ্রহণে উৎসাহিত করা এবং তাদের সাথে নিয়মিত যোগাযোগ রাখাটা জরুরি।

আইএসও ২৬০০০ এর সাতটি মূলনীতিই অনুসরণ করা আবশ্যিক। কোনো পরিকল্পনা করার সময় নিচের ছকটি উপকারি হতে পারে।